

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২১, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শাখা-৬
প্রজ্ঞাপন

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪২৫/০৫ জুন ২০১৮

নং ৪০.০০.০০০০.০১৬.৩০.০০৯.১৭-৪৯।—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩২৪ এর উপ-ধারা (১) ও (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে “Lafarge Surma Cement Ltd” কারখানাসমূহকে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১০০, ১০২ (২) এবং ১১৪ (১) এর বিধানের প্রয়োগ হইতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে ২৮ জুন/২০১৮ হইতে ২৭ ডিসেম্বর/২০১৮ খ্রিঃ পর্যন্ত ০৬ (ছয়) মাসের জন্য অব্যাহতি প্রদান করিল :—

শর্তাবলি :

- ১। কোন শ্রমিককে দিয়া সপ্তাহে ৬০ (ষাট) ঘন্টার বেশি কাজ করানো যাইবে না।
- ২। অতিরিক্ত কাজের জন্য স্বাভাবিক মজুরির দ্বিগুণ হারে মজুরি প্রদান করিতে হইবে।
- ৩। প্রত্যেক শ্রমিককে পর্যায়ক্রমে প্রতি সপ্তাহে ০১ (এক) দিন করিয়া সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে।
- ৪। কেবলমাত্র স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাইবে।
- ৫। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও শ্রম বিধিমালা-২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

হামিদা চৌধুরী
যুগ্মসচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(৭৫২১)

মূল্য : টাকা ৪.০০